# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৭৩. অপ্রয়োজনীয় কথাবার্তা পরিহার করা

আল্লাহ সুবহানাহু তা'আলা বলেছেন,

قَدْ أَفْلَحَ الْمُؤْمِنُونَ * الَّذِينَ هُمْ فِي صَلَاتِهِمْ خَاشِعُونَ * وَالَّذِينَ هُمْ عَنِ اللَّغْوِ مُعْرِضُونَ

মুমিনরা তো সফল হয়ে গেছে। তারা নামাযে বিনয়ী এবং অপ্রয়োজনীয় কথাবার্তা পরিহার করে চলে।[১]

অন্য জায়গায় বলা হয়েছে,

وَالَّذِينَ لَا يَشْهَدُونَ الزُّورَ وَإِذَا مَرُّوا بِاللَّغْوِ مَرُّوا كِرَامًا

আর তারা মিথ্যার সাক্ষী হয় না। কোনো অর্থহীন বিষয়ের কাছ দিয়ে অতিক্রম করলে ভদ্র মানুষের মতই অতিক্রম করে।[২]

সূরা আল কাসাস-এ বলা হয়েছে,

وَإِذَا سَمِعُوا اللَّغْوَ أَعْرَضُوا عَنْهُ

তারা যদি অর্থহীন কিছু শুনতে পায়, তা থেকে মুখ ফিরিয়ে নেয়।”[৩]

আলী (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন,

من حُسن إسلام المرء تركه ما لا يعنيه

ইসলামের সৌন্দর্য হচ্ছে একজন মুমিন অপ্রয়োজনীয় বিষয় পরিত্যাগ করবে।[৪]

## ফুটনোট

[১]. সূরা আল মুমিনূন, আয়াত : ১, ২, ৩।

[২]. সূরা আল ফুরকান, আয়াত : ৭২।

[৩]. সূরা আল কাসাস, আয়াত : ৫৫।

[৪]. জামি আত তিরমিযী; সুনান ইবনু মাজাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12371

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন